



## চট্টগ্রাম চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে “তদন্তে ত্রুটি বিচ্যুতি এবং মামলার দ্রুত নিষ্পত্তি ও ন্যায়বিচার নিশ্চিত-এর প্রভাব” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত।

২৬/০৬/২০২৪খ্রি. তারিখ (বুধবার) চট্টগ্রাম চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের আয়োজনে আদালতের কনফারেন্স রুমে (২য় তলায়, রুম নম্বর-২০১) “তদন্তে ত্রুটি বিচ্যুতি এবং মামলার দ্রুত নিষ্পত্তি ও ন্যায়বিচার নিশ্চিত-এর প্রভাব” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতি এবং প্রধান আলোচকের ভূমিকায় ছিলেন জনাব মো: রবিউল আলম, বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম। উক্ত সেমিনারে আরো উপস্থিত ছিলেন বিজ্ঞ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, স্পেশাল ম্যাজিস্ট্রেটসহ অন্যান্য বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এ, এ, এম হুমায়ুন কবীর (পিপিএম), উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন), সিএমপি। উপস্থিত ছিলেন অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন), অতিরিক্ত পুলিশ সুপার (সিআইডি), জেলা মৎস্য কর্মকর্তা, জেলা সমাজ সেবা কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ। সেমিনারে বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তদন্ত কার্যক্রমে ত্রুটি বিচ্যুতি তুলে ধরেন এবং এর প্রতিকার নিয়ে আলোচনা করেন। এছাড়াও তদন্ত সংশ্লিষ্ট ফৌজদারী কার্যবিধির ধারা, সাক্ষ্য আইন, পেনাল কোড, এবং পিআরবি এর গুরুত্বপূর্ণ বিধি নিয়ে আলোচনা ও ব্যাখ্যা বিশ্লেষণ তুলে করেন। সেমিনারে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) জনাব এ, এ, এম হুমায়ুন কবীর (পিপিএম) মামলা দ্রুত নিষ্পত্তি ও ন্যায়বিচার নিশ্চিতের স্বার্থে তদন্তকারী কর্মকর্তাদের তদন্ত কাজে আন্তরিক প্রচেষ্টার নির্দেশনা প্রদান করেন। তিনি এ ধরনের সেমিনার আয়োজনের জন্য বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম মহোদয়কে ধন্যবাদ জানান।